গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি -১ শাখা
www.sid.gov.bd

বিষয়: ইনোভেশন সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ নূরুল আলম
যুগ্মসচিব ও চীফ ইনোভেশন অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

সভার তারিখ : ০৩-০৯-২০২০ খ্রি:
সময় : ০৩.০০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ (ব্লক-বি),পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। শুরুতেই তিনি টেকসই ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে উদ্ভাবনী কর্ম-পরিকল্পনার গুরুত্ব তুলে ধরেন। তিনি বলেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং এর আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ইনোভেশন কার্যক্রম পরিচালনা করে আসছে। বিবিএস-এর ইনোভেশন কর্ম-পরিকল্পনা ২০১৯-২০ এর স্ব-মূল্যায়ন প্রতিবেদন পাওয়া গেছে। ইতোমধ্যে এই স্ব-মূল্যায়ন প্রতিবেদনের খসড়া ফলাবর্তক তৈরি করা হয়েছে। তিনি এ বিভাগের প্রোগ্রামার ও সদস্য সচিব জনাব মু: ওয়াহিদ মুরাদ-কে খসড়া ফলাবর্তক সভায় উপস্থাপন করতে অনুরোধ জানান।

০২। সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের প্রোগ্রামার ও সদস্য সচিব, ইনোভেশন টিম, মু: ওয়াহিদ মুরাদ বলেন, বিবিএস হতে ইনোভেশন কর্ম-পরিকল্পনা ২০১৯-২০ এর স্ব-মূল্যায়ন প্রতিবেদন ১৩-০৮-২০২০ খ্রিস্টাব্দে পাওয়া গেছে। উক্ত স্ব-মূল্যায়ন প্রতিবেদনের উপর খসড়া ফলাবর্তক তৈরি করা হয়েছে। তিনি বলেন, ইনোভেশন কর্ম-পরিকল্পনা ২০১৯-২০ এর সূচকের প্রমানক যথাসময়ে পাওয়া গেলেও অধিকাংশ সূচকের প্রমানক পাওয়া যায় নি। এ পর্যায়ে বিবিএস-এর ইনোভেশন টিমের সদস্য জনাব মো: সাদ্দাম হোসেন খাঁন, উপপরিচালক বলেন, আমাদের কাছে আরো কিছু প্রমাণক আছে। আমরা যথা শীঘ্রই সরবরাহ করবো। পর্যালোচনা শেষে খসড়া ফলাবর্তকে দেখা যায় যে, বিবিএস এর ইনোভেশন কর্ম-পরিকল্পনা ২০১৯-২০ এর অর্জিত স্কোর ২৩.৫ ।

০৩। এ পর্যায়ে ইনোভেশন টিমের সদস্যগণ বিবিএস এর ইনোভেশন কর্ম-পরিকল্পনার আওতায় কার্যক্রমের বাস্তবায়ন সার্বিক অগ্রগতি সন্তোষজনক নয় বলে অভিমত দেন। সভাপতি বিবিএস-কে পরবর্তী ৭ (সাত) কর্মদিবসের মধ্যে অন্যান্য প্রমানক হাজির করার জন্য নির্দেশনা দিয়ে ২০১৯-২০ স্ব-মূল্যায়ন প্রতিবেদনের উপর ফলাবর্তক আলোচনা শেষ করেন। বিবিএস-এর ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর উপর আলোচনা করা হয় এবং আলোচনান্তে কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কয়েকটি সূচকের লক্ষ্যমাত্রা পরিমার্জন করে পুনরায় এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।

০৪। এরপর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর সূচক ৫.১.১ এবং ১২.১.১ নিয়ে আলোচনা করা হয়। সূচক ৫.১.১ অনুযায়ী উদ্ভাবনী উদ্যোগের তালিকা ৩-১১-২০২০ খ্রিস্টাব্দের মধ্যে তথ্য বাতায়নে প্রকাশ করার বাধ্যবাধকতা রয়েছে। এতোদপ্রেক্ষিতে, সভাপতি বলেন, ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কিছু উদ্ভাবনী উদ্যোগ এবার গ্রহণ করা যেতে পারে পাশাপাশি নতুন কিছু উদ্ভাবনী উদ্যোগের জন্য এ বিভাগের বিভিন্ন উইং-এ চিঠি পাঠিয়ে আহবান করা যেতে পারে। এছাড়া সূচক ১২.১.১ অনুযায়ী সেবা সহজিকরণের পাইলটিং বাস্তবায়নের অফিস আদেশ ১৫-১০-২০২০ খ্রিস্টাব্দের মধ্যে জারি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

০৫। বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

I. বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ইনোভেশন টিম-কে আরও ০৭ (সাত) কর্মদিবস সময় দেওয়া হয়। বিবি প্রতিবেদন প্রাপ্তির পর চূড়ান্ত মূল্যায়ন শেষে বিবিএস-এর ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর মূ প্রতিবেদনের খসড়া এ বিভাগের সচিব মহোদয় বরাবর প্রেরণ করা হবে।

II. ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর উদ্ভাবনী উদ্যোগের জন্য এ বিভাগের বিভিন্ন উইং-কে চিঠি প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

III. সেবা সহজিকরণের পাইলটিং বাস্তবায়নের অফিস আদেশ ১৫-১০-২০২০ খ্রিস্টাব্দের মধ্যে জারি করতে হবে।

০৬। অবশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/০৯/২০২০

(মো: নূরুল আলম)
যুগ্মসচিব
ও
চীফ ইনোভেশন অফিসার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং:-৫২.০০.০০০০.০২২.০৫.০০১.২০-১১

তারিখ:- ২৩ ভাদ্র ১৪২৭
০৭ সেপ্টেম্বর ২০২০

বিতরণ: সদয় কাযার্থে (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, সিস্টেম এনালিষ্ট (আইসিটি অধিশাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০২। জনাব মু: ওয়াহিদ মুরাদ, প্রোগ্রামার (আইসিটি) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৩। জনাব মির্জা মোহাম্মদ আশরাফুল মুনিম, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (আইসিটি-২), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৪। জনাব জেরিন পাশা, পরিসংখ্যান কর্মকর্তা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
০৫। জনাব সমাপ্তি মজুমদার, পরিসংখ্যান কর্মকর্তা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।

জ্ঞাতার্থে (অনুলিপি):

০১। অতিরিক্ত সচিব, তথ্য ব্যবস্থাপনা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব, উন্নয়ন/প্রশাসন, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৪। যুগ্মসচিব, তথ্য ব্যবস্থাপনা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৫। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬। অফিস কপি।

07.09.2020

এফ, এম, আয়াতুল্লাহ আল-নোমান
(সহকারী প্রোগ্রামার)